রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৮, ২০১৫**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ ভাদ্র, ১৪২২ মোতাবে ০৮ সেপ্টেম্বর, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২৪ ভাদ্র, ১৪২২ মোতাবেক ০৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২১/২০১৫

## ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তণ**।—(১) এই আইন ট্রেডমার্ক (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ৩ এর সংশোধন**।—ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত "Registry Wing" শব্দগুলির পরিবর্তে "Unit" শব্দটি প্রতিস্থাপিত হইবে।


মূল্য ঃ টাকা ৮.০০

৩। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৮ এর দফা (ক) তে উল্লিখিত "তাকে" শব্দটির পরিবর্তে "থাকে" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ১০ এর সংশোধন।**—(১) উক্ত আইনের ধারা ১০ এর—

(ক) উপ-ধারা (৫) তে উল্লিখিত "কোন পণ্য বা সেবা বাংলাদেশে নিবন্ধিত সুপরিচিত কোন ট্রেডমার্কের সহিত সাদৃশ্যপূর্ণ হইলে, উক্ত পণ্য বা সেবার ক্ষেত্রে উক্তরূপ ট্রেডমার্ক নিবন্ধন করা যাইবে না, যদি-" শব্দগুলি, কমাগুলি ও হাইফেনের পরিবর্তে "কোন পণ্য বা সেবার জন্য বাংলাদেশে নিবন্ধিত সুপরিচিত কোন ট্রেডমার্কের সহিত সাদৃশ্যপূর্ণ (similar) বা বিভ্রান্তিমূলকভাবে সাদৃশ্যপূর্ণ (confusigly similar) বা অনুরূপ কোন মার্ক (mark) বা ট্রেড বর্ণনা (trade description) এর অনুবাদ সহযোগে গঠিত ট্রেডমার্ক, অন্য যে কোন পণ্য বা সেবার জন্য নিবন্ধন করা যাইবে না, যদি,-" শব্দগুলি, কমাগুলি ও হাইফেন প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (৬) তে উল্লিখিত ভোক্তা শব্দটির পর "ও বিক্রেতা" শব্দ দুইটি সন্নিবেশিত হইবে।

৫। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ১৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৮ এর—

(ক) উপ-ধারা (৫) ও (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৫) ও (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) পক্ষগণের বক্তব্য এবং সাক্ষ্য-প্রমাণ বিবেচনা করিয়া, নিবন্ধক—

(ক) কোন আবেদন সম্পূর্ণভাবে গ্রহণ,

(খ) যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ করিয়া প্রত্যাখ্যান, বা

(গ) যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ সংশোধন, পরিবর্তন, শর্ত বা সীমাবদ্ধতা সাপেক্ষে, গ্রহণ করিতে পারিবেন।

(৬) উপ-ধারা (৫) এর অধীন নিবন্ধক যদি, সংশোধন, পরিবর্তন, শর্ত বা সীমাবদ্ধতা সাপেক্ষে, নিবন্ধনের অনুমতি প্রদান করা সমীচীন মনে করেন, তাহা হইলে সেই সকল সংশোধন, পরিবর্তন, শর্ত বা সীমাবদ্ধতা লিপিবদ্ধ করিয়া সেই বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন"।

(খ) উপ-ধারা (৮) এ উল্লিখিত "১২০ (একশত বিশ)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৩৬০ (তিনশত ষাট)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৬। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ৩৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৬ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "অধ্যাদেশ" শব্দটির পরিবর্তে "আইন" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ৩৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "অধ্যাদেশ" শব্দটির পরিবর্তে "আইন" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। **২০০৯ সনের ১৯ নং আইনের ধারা ১২০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১২০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "অধ্যাদেশের" শব্দটির পরিবর্তে "আইনের" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

আন্তর্জাতিক বাণিজ্যের বর্তমান প্রেক্ষাপট, বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর সদস্যপদ গ্রহণ এবং Paris Convention ও Trade Related Aspects of Intellectual Property Rights (TRIPS) চুক্তি স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশের বর্ণিত চুক্তিগুলোর অনুসরণ করার বাধ্যবাধকতা রয়েছে।

২। উক্ত চুক্তিগুলোর আলোকে মেধা সম্পদ সংরক্ষণ, বিদেশী পুঁজি-বিনিয়োগ, শিল্পায়ন, প্রযুক্তি হস্তান্তরসহ আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্য এবং শিল্পায়নের ক্ষেত্রে সময়ের চাহিদা পূরণে ১৯৪০ সালের ট্রেডমার্ক আইন সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনপূর্বক যুগোপযোগী করার জন্য "ট্রেডমার্ক আইন ২০০৯" প্রণয়ন করা হয়।

৩। ট্রেডমার্ক আইন, ২০০৯ প্রয়োগে কিছু করণিক ত্রুটি ও ভাষা বা অর্থের অসংগতি দূরীকরণ. বিরোধীয় মামলা নিষ্পত্তির সময় বর্ধিত করা এবং ১৫-০৭-২০১৩ তারিখের মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী ট্রেডমার্ক "রেজিস্ট্রি উইংকে" ট্রেডমার্ক "ইউনিট" করার লক্ষ্যে ট্রেডমার্ক আইনের কতিপয় ধারা সংশোধনের জন্য মন্ত্রিসভা বৈঠকে উত্থাপন করা হলে ১৩ অক্টোবর ২০১৪ তারিখের মন্ত্রিসভা বৈঠকে নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

৪। ট্রেডমার্ক আইন, ২০০৯ যথাযথভাবে প্রয়োগের স্বার্থে অসংগতিসমূহ দূরীকরণ এবং বিরোধীয় মামলা নিষ্পত্তির সময় বর্ধিতকরণ এবং ট্রেডমার্ক "রেজিস্ট্রি উইংকে" ট্রেডমার্ক "ইউনিট" করার লক্ষ্যে আলোচনান্তে ট্রেডমার্ক (সংশোধন) আইনটি প্রণয়ন করা যেতে পারে।

৫। বর্ণিতাবস্থায়, ট্রেডমার্ক (সংশোধন) আইন-২০১৫ বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**আমির হোসেন আমু**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**প্রণব চক্রবর্তী**
অতিরিক্ত সচিব (আইপিএ)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd